গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “নরসিংদী জেলার অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন প্রকল্প (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০-০৪-২০২২
সভার সময়	বেলা ১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৯০৩৪১.৭৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮২% এবং আর্থিক অগ্রগতি ৪৯.৭৪%। অতঃপর প্রকল্প পরিচালক, প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত একটি ভিডিও চিত্র প্রদর্শন করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(ক)	প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী জানান, প্রকল্পভুক্ত ভাংগন প্রবন এলাকা সওদাগরকান্দি ও চরমধুয়ায় নদীর তীর প্রতিরক্ষা কাজটি আসন্ন বর্ষা মৌসুমের আগে সমাপ্তি এবং ঠিকাদারগণের বকেয়া বিল পরিশোধের জন্য প্রকল্পের চলতি ২০২১-২০২২ অর্থ বছরে ন্যূনতম ২০০.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করা অতীব জরুরী। এছাড়াও, তিনি প্রস্তাব করেন প্রকল্পের পরবর্তী অর্থ বছরের সমুদয় অর্থ ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম কিস্তির সাথে একসাথে ছাড় করে প্রকল্পটি সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে সমাপ্ত করা যেতে পারে। সভাপতি প্রকল্পের সকল কার্যক্রম দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	ক) চলতি অর্থ বছরের ৪র্থ কিস্তির অর্থ জরুরী ভিত্তিতে ছাড় করণ এবং আরএডিপি’তে অর্থ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) পরবর্তী অর্থ বছরের বাজেট বিভাজনকালে প্রকল্পের সমুদয় অর্থ ২০২২-২০২৩ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে ছাড়করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পাসম, বাপাউবো
(খ)	১ম সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী প্রকল্পটি মেয়াদকাল আগামী ৩০ জুন ২০২২ পর্যন্ত হলেও চলতি অর্থ বছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না পাওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, প্রকল্পের সময় বৃদ্ধি হলে প্রকল্পের আন্তঃখাত ব্যয় সমন্বয় প্রয়োজন হবে।	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাবনা অনুমোদনের পর আন্তঃখাত ব্যয় সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পাসম, বাপাউবো ও বাংলাদেশ সেনাবাহিনী

(গ)	প্রকল্পটির আওতাভূক্ত এলাকায় গ্যাস পাইপ লাইন, কালভার্ট/ব্রীজ, রেলওয়ে কালভার্ট এবং বৈদ্যুতিক লাইন প্রতিস্থাপনের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় হতে গত ২২/১২/২০২১ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের আওতায় গ্যাস পাইপ লাইন, কালভার্ট/ব্রীজ, রেলওয়ে কালভার্ট এবং বৈদ্যুতিক লাইন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে যোগাযোগপূর্বক দ্রুত স্থানান্তর/পুনঃস্থাপন/অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক, বাপাউবো ও বাংলাদেশ সেনাবাহিনী
(ঘ)	প্রকল্পের ভৌত অগ্রগতি ৮২% হওয়ায় আগামী ২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্পটি সমাপ্তির তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি আগামী ২০২২-২০২৩ অর্থ বছরে সমাপ্তির তালিকায় অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পাসম, বাপাউবো

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.১৪.০৩০.১৭-১৫৪

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "নরসিংদী জেলার অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২৩) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), "নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া, নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ২৫ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্যাটালিয়ন, সেক্টর-১০, জলসিঁড়ি আবাসন রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৫) নির্বাহী প্রকৌশলী, নরসিংদী পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নরসিংদী।

২৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৭) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব